**বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি**
**কোটবাড়ী, কুমিল্লা।**

**অংশীজনের অংশগ্রহণে সভার (২য় সভা) কার্যবিবরণী (২০১৯-২০)**

**সভাপতিঃ** জনাব মোঃ শাহজাহান
মহপরিচালক, বার্ড

স্থানঃ আইটি কনফারেন্স হল
সময়ঃ সকাল ১১ঃ০০
তারিখঃ ১৭/০৬/২০২০খ্রি.

**উপস্থিত অংশীজন: ১৫ জন** (উপস্থিতি সংযুক্ত)

**আলোচনা ও সিদ্ধান্তসমূহঃ**

একাডেমির আইটি কনফারেন্স হল, বার্ড-এর শুদ্ধাচার কার্যক্রম আরও গতিশীল ও কার্যকরী করার উদ্দেশ্যে অংশীজনের অংশগ্রহণ সভার আয়োজন করা হয়। বার্ড এর নৈতিকতা কমিটির সভাপতি ও মহাপরিচালক মহোদয় উল্লিখিত সভায় সভাপতিত্ব করেন। কোভিট-১৯ মহামারি থাকার কারণে সীমিত পরিসরে যথাযথ স্বাস্থ্য বিধি মেনে সভাটির আয়োজন করা হয়। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় শুভেচ্ছা জানিয়ে, বার্ড-এর শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের প্রেক্ষাপট ও গুরুত্ব সম্পর্কে সকলকে অবহিত করেন। অত:পর তিনি একাডেমির শুদ্ধাচার ফোকাল পার্সন কে কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর অগ্রগতি উপস্থাপনের আহবান জানান। শুদ্ধাচার ফোকাল পার্সন জাতিয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যক্রমের ২০১৯-২০ এর গৃহীত পরিকল্পনা ও বাস্তাবয়িত কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করেন। সামগ্রিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত ও সুপারিশ সমূহ গ্রহণ করা হয়।

১। দক্ষতা ও নৈতিকতা ও সুশাসন প্রতিষ্ঠায় উন্নয়নে বার্ড-এর কর্মচারীদের প্রশিক্ষণের কাজ চলমান রয়েছে।

২। বার্ড এর গবেষণা নীতিমালা প্রণয়নের একটি কমিটি গঠন করা হয়েছে। উল্লিখিত কমিটি দ্রুত এই কার্যক্রম বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করবে।

৩। ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ অংশে উন্নয়ন যোগাযোগ শাখা কার্যকরভাবে দায়িত্ব পালন করছে। এক্ষেত্রে নৈতিকতা কমিটির ফোকাল পার্সন সময় সময়ে ওয়েবসাইটের হালনাগাদের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে সমন্বয় করবেন।

৪। প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার অংশে বার্ড-এর চলমান ভৌতে অবকাঠামো প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ও চতুর্থ কোয়ার্টারের বাস্তবায়ন পরিস্থিতি বিষয়ে প্রকল্প পরিচালক সভার সকলকে অবহিত করেন। এক্ষেত্রে চলমান মহামারীর কারনে প্রকল্প কার্যক্রম পরিচালনায় কিছুটা সমস্যা হচ্ছে বলে সভায় অবহিত করা হয়।

৫। ই-জিপি এর মাধ্যমে ক্রয়কাজ যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে একাডেমির নিজস্ব জনবলকে এ বিষয়ে দক্ষ ও যুক্ত করার বিষয়ে সভায় মতামত প্রদান করা হয়।

৬। স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরন অংশে শাখাসমূহ পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ যথাযথ বাস্তবায়ন বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনদের অনুরোধ করা হয়। এক্ষেত্রে প্রশাসন কর্তৃক সুনির্দিষ্টভাবে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নির্বাচনের প্রস্তাবনা দেয়া হয়।

৭। নৈতিকতা কমিটি সিদ্ধান্ত অনুসারে সংশ্লিষ্ট অংশীজনদের ই-ফাইলিং কার্যক্রম আরও ত্বরান্বিত করার বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনকে অনুরোধ করা হয়।

পরিশেষে সভাপতি সকল অংশীজনকে বার্ড-এর শুদ্ধাচার কৌশল- কর্ম পরিকল্পনা বাস্তবায়নে দায়িত্বশীল ও কার্যকারী ভূমিকা পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/৮/২০২০

(সালাহ্ উদ্দিন ইবনে সাঈদ)
যুগ্ম-পরিচালক (জনমিতি)
ও
ফোকাল পার্সন, নৈতিকতা কমিটি
বার্ড

২৭/৮/২০২০.

(মোঃ শাহজাহান)
মহাপরিচালক, বার্ড
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
বার্ড

**বিতরণঃ**

০১। অংশীজনগণ, বার্ড।
০২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী – মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী - সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে।
০৪। অফিস কপি।